

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম

নিলাম শাখা।

Website: www.chc.gov.bd

E-Auction (টেন্ডার সেল নং-০৭/২০২৩) বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে রক্ষিত আমদানিকৃত অ-খালাসকৃত, আটককৃত ও বাজেয়াপ্তকৃত বিভিন্ন প্রকার মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে দরপত্র দাখিলে আর্থহী নিলাম ক্রেতাগণ আগামী ২৩/০৮/২০২৩ সকাল ৯.০০ টা হতে ০৫/০৯/২০২৩ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd, www.chc.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Software (103.48.18.166/auction/301) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও হালনাগাদ আয়কর সনদ এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদ থাকতে হবে। দরদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত যেকোন তফসিলি ব্যাংক হতে “কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম” এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং এর মূল কপি ও প্রযোজ্য দলিলাদি প্রতি লটের প্রাথমিকভাবে নির্বাচিত প্রথম ও দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে আগামী ১৩/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে রাজস্ব কর্মকর্তা (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম এর দপ্তরে দাখিল করতে হবে।

পণ্য পরিদর্শনের তারিখ : লটভুক্ত মালামাল আগামী ২৭/০৮/২০২৩ খ্রি. ও ২৮/০৮/২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

সংশোধনী তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) : ০৩.০৯.২০২৩ খ্রি.।

প্রাথমিক তথ্যের জন্য ১৬১৩৪ অথবা জনাব এস. এম. ফয়জুর রহমান, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৯২৬৯৬০৯৫৫ এবং নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্র্যাড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (মোহাম্মদ মোরশেদ, মোবাইল: ০১৮২৪-৯৮৫২১৪) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ- যেকোন কোটেশন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম সংরক্ষণ করেন।

মোহাম্মদ নাহিদুল্লাহী
ডেপুটি কমিশনার (নিলাম)